# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 24-08-2025 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন SIR-এর জন্য রাজ্যগুলি প্রস্তুত কিনা তা জানতে পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের চিঠি দিয়েছে ভারতের নির্বাচন কমিশন।

২) পশ্চিমবঙ্গে অনুপ্রবেশের জন্য তৃণমূল কংগ্রেস সরকারকে দায়ী করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৩) কসবার সাউথ ক্যালকাটা ল-কলেজে গণ ধর্ষণ মামলায় আলিপুর আদালতে চার্জশিট জমা দিয়েছে পুলিশ।

৪) পুজোর আগে রাজ্যে ডেঙ্গি সংক্রমণ নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার বিশেষ সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়েছে।

৫) কোনা এক্সপ্রেসওয়ে ও বিদ্যাসাগর সেতু মেরামতির জন্য দ্বিতীয় হুগলি সেতু আজ রাত ৯-টা পর্যন্ত বন্ধ থাকছে।

৬) ডায়মন্ড হারবার এফ সি-কে হারিয়ে নর্থ ইস্ট ইউনাইটেড ডুরান্ড কাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি বা SIR এর জন্য রাজ্যগুলি প্রস্তুত কিনা তা জানতে চেয়ে পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের চিঠি দিয়েছে ভারতের নির্বাচন কমিশন। SIR এর জন্য পর্যাপ্ত ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার ERO এবং অ্যাসিস্ট্যান্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার AERO রয়েছে কিনা চিঠিতে সে বিষয়ে জানতে চাওয়া হয়েছে। চলতি মাসের ২৯ তারিখ বিকেল ৫টার মধ্যে কার্যকরী রিপোর্ট পাঠাতেও নির্দেশ দিয়েছে কমিশন।

এদিকে, বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি সহ একাধিক বিষয়ে আলোচনা করতে নির্বাচন কমিশন সব রাজনৈতিক দলগুলিকে এক বৈঠকে ডেকেছে। কলকাতা-য় মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে এমাসের ২৯ তারিখ এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে খবর। বৈঠকে মূলত রাজ্যে বর্ধিত বুথের খসড়া তালিকা নিয়ে আলোচনা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। পাশাপাশি SIR চালুর প্রস্তুতি এবং সেই উপলক্ষে রাজনৈতিক দলগুলির তরফে বুথ লেভেল এজেন্ট নিয়োগের বিষয়টিও আলোচ্যসূচিতে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অবৈধ ভোটার কার্ড রোধে নির্বাচন কমিশন কার্ড বিতরণের ক্ষেত্রে কড়া নজরদারির সিদ্ধান্ত নিয়েছে। ডাক বিভাগের তরফে ভোটারদের কাছে এপিক বা ভোটার পরিচয়পত্র পৌঁছে দেওয়ার সময় ছবি সহ ডিজিটাল এভিডেন্স বা প্রমাণ সংগ্রহ করা হবে। সেই তথ্য ডাক বিভাগের কাছে ৬ মাস পর্যন্ত সংরক্ষিত থাকবে। পরে তা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে জমা দিতে হবে। সম্প্রতি এক বৈঠকে এবিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকে উপস্থিত ছিলেন ডাক ও তার বিভাগের আধিকারিক এবং সরস্বতী প্রেসের প্রতিনিধিরা। এবার থেকে সরস্বতী প্রেসে কার্ড ছাপার পর তা সরাসরি জিপিও মারফত ভোটারদের ঠিকানায় পাঠানো হবে। সর্বোচ্চ ১৫ দিনের মধ্যেই আবেদনকারীর কাছে এই কার্ড পৌঁছে যাবে বলে আশা করছে নির্বাচন কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে অনুপ্রবেশের জন্য তৃণমূল কংগ্রেস সরকারকেই দায়ী করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। গতকাল কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, 'বাংলায় ৫৪০

কিলোমিটার এলাকাতে সীমান্তে বেড়া দেবার জন্য জমি দেয়নি রাজ্য। অনুপ্রবেশ বন্ধ হোক তা রাজ্য সরকার চাই না বলেও অভিযোগ করেন শুভেন্দু বাবু।

(বাইট – শুভেন্দু)

এখনও পর্যন্ত ৪০ হাজার মানুষ সিএএ-র জন্য আবেদন করেছেন বলে বিরোধী দলনেতা জানিয়েছেন। ভোট এলে বিজেপি এবং তৃণমূল অনুপ্রবেশকারী প্রসঙ্গ তোলে বলে অভিযোগ করেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী।

(বাইট - অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজনৈতিক হিংসা থেকেই বারুইপুরে দলীয় বুথ সভাপতিকে হত্যা করা হয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা শঙ্কুদেব পান্ডা সিসিটিভি ফুটেজ দেখিয়ে অভিযোগ করেন, শাসকদলের কর্মীরাই দলের বুথ সভাপতি রাজীব বিশ্বাসকে হত্যা করেছে। এমনকি দেহটি আগুনে পুড়িয়ে দেবার চেষ্টা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। ঘটনায় বিজেপি, CBI তদন্তেরও দাবি জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কসবার সাউথ ক্যালকাটা ল-কলেজে গণ ধর্ষণ মামলায় গতকাল আলিপুর আদালতে চার্জশিট জমা দিয়েছে পুলিশ। প্রাক্তন টিএমসিপি নেতা কলেজের অস্থায়ী কর্মী মনোজিৎ মিশ্র সহ চারজনের নামে চার্জশিট জমা পড়েছে। মনোজিৎ ছাড়াও চার্জশিটে নাম রয়েছে প্রমিত মুখোপাধ্যায়, জইব আহমেদ ও পিনাকী বন্দ্যোপাধ্যায়ের। ঘটনার ৫৮ দিনের মাথায় চার্জশিট আদালতে জমা দিল পুলিশ। ৮০ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়। মোট ৬৫০ পাতার চার্জশিটে ভারতীয় ন্যায় সংহিতার গণধর্ষণ, আটকে রাখা, অপহরণ, প্রাণনাশের হুমকির মতো ধারা রাখা হয়েছে বলে সরকারী আইনজীবি সৌরিন ঘোষাল জানিয়েছেন।

(বাইট – আইনজীবি)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর কাণ্ডের তদন্তে শ্রীরামপুরের তৃণমূল বিধায়ক ডাক্তার সুদীপ্ত রায়ের সিঁথির বাড়িতে গতকাল যান কেন্দ্রীয় তদন্ত সংস্থা সিবিআই এর আধিকারিকরা। আরজি কর এর ঘটনায় সুদীপ্ত রায়কে বেশ কিছুক্ষন জেরা করেন তাঁরা। আরজিকরের প্রাক্তন রোগী

কল্যান সমিতির চেয়ারম্যান ছিলেন সুদীপ্ত রায়। প্রায় চার ঘন্টার কাছাকাছি জিজ্ঞাসাবাদ ও তল্লাশী পর্ব চলে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকারি শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি, বর্তমান অচলাবস্থার প্রতিবাদে কংগ্রেসের শ্রমিক সংগঠন INTUC সেবা দল ও প্রদেশ যুব কংগ্রেস গতকাল কলকাতায় প্রতিবাদ মিছিল করে। কলেজ স্ট্রিট মেডিকেল কলেজের সামনে থেকে মিছিল শুরু হয়। সরকারি শিক্ষাব্যবস্থাকে পরিকল্পিত ভাবে ধ্বংস করা হচ্ছে বলে অভিযোগ তুলেছে সেবা দল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুজোর আগে রাজ্যে ডেঙ্গি সংক্রমণ নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার বিশেষ সতর্কতা অবলম্বনের নির্দেশ দিয়েছে। উত্তরবঙ্গ সহ একাধিক জেলায় আক্রান্তের সংখ্যা বাড়তে থাকায় গতকাল নবান্নে জেলাশাসক ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের নিয়ে জরুরি বৈঠকে বসেন মুখ্যসচিব মনোজ পন্থ। বৈঠকে তিনি ডেঙ্গি নিয়ন্ত্রণে একগুচ্ছ নির্দেশ দেন। স্বাস্থ্য দপ্তরের রিপোর্টে উঠে এসেছে, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, উত্তর ২৪ পরগনা, মালদা, বীরভূম, হাওড়া, হুগলি-সহ একাধিক জেলায় ডেঙ্গি সংক্রমণ বাড়ছে। পাশাপাশি আসানসোল ও বিধাননগর পুর নিগম এলাকাতেও পরিস্থিতি উদ্বেগজনক। পুজোর আগেই সংক্রমণ প্রভাবিত অঞ্চলগুলি চিহ্নিত করে সাফাই অভিযানে নামতে হবে বলে বৈঠকে মুখ্যসচিব নির্দেশ দেন। প্রয়োজনে পদস্থ কর্তাদের

পায়ে হেঁটে পরিদর্শন করতে হবে। জমে থাকা জলে যাতে মশার প্রজনন না হয়, সে ব্যাপারেও রাখতে হবে বিশেষ নজরদারি। এছাড়াও, "আমাদের পাড়া আমাদের সমাধান" কর্মসূচির আওতায় প্রতিটি ক্যাম্পে ডেঙ্গি ও ম্যালেরিয়া নিয়ে সচেতনতামূলক শিবির করার কথাও বলেন মুখ্যসচিব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পরিযায়ী শ্রমিকরা যাতে আমার পাড়া আমার সমাধান কর্মসূচীর আওতায় দুয়ারে সরকারের শিবিরগুলিতে নাম নথিভুক্ত করতে পারেন সেজন্য প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব মনোজ পন্থ। পরিযায়ী শ্রমিকদের রাজ্যে বিকল্প কাজের ব্যবস্থা করার পরিকল্পনা তৈরির জন্যও রাজ্য সরকার শ্রম দফতরকে বলেছে। চলতি মাসের মধ্যেই এসংক্রান্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোনা এক্সপ্রেসওয়ে ও বিদ্যাসাগর সেতুর একাধিক অংশে পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত কাজের জন্য দ্বিতীয় হুগলি সেতু আজ ১৬ ঘন্টা বন্ধ থাকছে।

ভোর পাঁচটা থেকে রাত ৯'টা পর্যন্ত সেতুর ওপর দিয়ে কোন যান চলাচল করবে না বলে গতকাল কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অনলাইন গেমিং উৎসাহ ও নিয়ন্ত্রণ বিল ২০২৫ রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছে। এই আইন দেশে অনলাইন গেমিংয়ের লাইসেন্সিং শ্রেণী বিভাগ এবং নিয়ন্ত্রণের জন্য একটি বিস্তৃত আইনি পদক্ষেপ। একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০

যাত্রী সুবিধায় মেট্রোরেল শহীদ ক্ষুদিরাম- নোয়াপাড়া নর্থ-সাউথ রুটে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সোম থেকে শুক্রবার পর্যন্ত নিয়মিত ব্লু লাইনের এই করিডরে দিনে ২৬২টির পরিবর্তে আপ-ডাউনে ২৮৪ টি ট্রেন চালানো হবে বলে মেট্রো এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। শহীদ ক্ষুদিরাম থেকে সকাল ছটা ৫৪ মিনিটে এবং দক্ষিণেশ্বর থেকে ছটা পঞ্চাশ মিনিটে প্রথম ট্রেন ছাড়বে বলে রেলের তরফে জানানো হয়েছে। তবে শনি ও রবিবার ট্রেন চলাচলের সময়সূচী অপরিবর্তিত থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের উপরে একটি নিম্নচাপ ও সক্রিয় অক্ষরেখার কারণে আজও রাজ্যের সর্বত্র হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। রাজ্যের অন্যান্য অংশে আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা কমবে। এদিকে উত্তর বঙ্গোপসাগরে আরেকটি নিম্নচাপ তৈরি হতে চলেছে বলে আবহবিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন। এর পরোক্ষ প্রভাবে মূলত উপকূলীয় জেলাগুলিতে এবং রাজ্যের পশ্চিমাংশে আগামী দু-তিন দিন নিয়মিত বর্ষণের সম্ভাবনা।

ooooooooooooooooooooo

নর্থ ইষ্ট ইউনাইটেড এফ সি ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল ফাইনালে নর্থ ইষ্ট ইউনাইটেড এফ সি ৬-১ গোলে ডায়মন্ড হারবার এফসি কে হারিয়ে দেয়। নর্থ ইষ্ট এর পক্ষে আশির আকতার, পার্থিব গগৈ, থোই সিং, জাইরো বুস্তারা, আন্দ্রেস জোস, আলাইদ্দিনে আজারিয়ে গোল করেছেন।

ডায়মন্ড হারবার এফসি-র পক্ষে একমাত্র গোল লুকা মায়চেন এর।

oooooooooooooooooooo